**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 8/24/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# অশ্বেতাঙ্গ মিউজিশিয়ানদের ক্লাব সম্প্রসারণ প্রকল্পের কাজ শুরু হয়েছে বলে গভর্নর হোকলের ঘোষণা

***আফ্রিকান আমেরিকান হেরিটেজ করিডরে নিউ ইয়র্ক স্টেটের বিনিয়োগসমূহ পূর্ব বাফেলোকে পুনরুজ্জীবিত করা অব্যাহত রাখবে***

***পূর্ব বাফেলোতে গভর্নরের 50 মিলিয়ন ডলারের ঐতিহাসিক টার্গেটেড বিনিয়োগের পরিপূরক***

***রেন্ডারিং এখানে পাওয়া যাবে***

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে অশ্বেতাঙ্গ মিউজিশিয়ানদের ক্লাব সম্প্রসারণ ও সংস্কারের কাজ শুরু হয়েছে যা বাফেলোর আফ্রিকান আমেরিকান হেরিটেজ করিডরে পর্যটন ও দর্শনার্থী বৃদ্ধির সুযোগ এনে দেবে। 1918 সালে প্রতিষ্ঠিত, CMC যুক্তরাষ্ট্রে আফ্রিকান আমেরিকান মিউজিশিয়ানদের এধরনের একমাত্র থেকে যাওয়া ক্লাব। এটি ডিউক এলিংটন, এলা ফিটজেরাল্ড, লুইস আর্মস্ট্রং, ন্যাট "কিং" কোল, মাইলস ডেভিস ও ক্যাব ক্যালোওয়ে এর মতো বিখ্যাত শিল্পীদের পারফর্ম্যান্স আয়োজন করেছে।

"এই কাজটি শুরু হওয়া অশ্বেতাঙ্গ মিউজিশিয়ানদের ক্লাবের জন্য একটি নতুন অধ্যায়ের সূচনা করছে এবং পূর্ব বাফেলো কমিউনিটির সমৃদ্ধির জন্য আমাদের চলমান, গভীর অঙ্গীকারাবদ্ধতার প্রতিনিধিত্ব করে," **বলেছেন গভর্নর হোকল**। "মিশিগান স্ট্রিট করিডর সংলগ্ন ঐতিহাসিক সম্পদগুলোর সম্প্রসারণ ও সংরক্ষণের ব্যবস্থা করার মাধ্যমে আমরা কৃষ্ণাঙ্গ নিউ ইয়র্কবাসীদের সমৃদ্ধ ইতিহাসকে উদযাপন করছি এবং বাফেলোতে, আমাদের স্টেট, এবং আমাদের দেশে তাদের গুরুত্বপূর্ণ অবদানের প্রতি সম্মান জানাচ্ছি।"

"এটি শুধু পূর্ব বাফেলোতে করা একটি বিনিয়োগই নয়, বরং কৃষ্ণাঙ্গ লোকজনের উপর এবং বাফেলোর এই অংশে অনেক গভীরে প্রোথিত কৃষ্ণাঙ্গ সংস্কৃতিতে করা একটি বিনিয়োগ," **বলেছেন লেফটেনেন্ট গভর্নর অ্যান্টনিও ডেলগাডো।** "পূর্ব বাফেলোতে ইতোপূর্বে ঘোষিত অন্যান্য বিনিয়োগের পাশাপাশি অশ্বেতাঙ্গ মিউজিশিয়ানদের ক্লাবের এই সংস্কার ও সম্প্রসারণ বাফেলোর ঐতিহাসিক মিশিগান স্ট্রিট করিডর সংলগ্ন অঞ্চলে পর্যটন বৃদ্ধি করবে, যা আফ্রিকান আমেরিকান সংস্কৃতি ও ইতিহাস দ্বারা সমৃদ্ধ হয়ে আছে।"

CMC-এর 2.95 মিলিয়ন ডলারের সম্প্রসারণ বাফেলোর পূর্ব অংশে দর্শনার্থীদের আকৃষ্ট করার জন্য গভর্নরের বর্ধিত প্রচেষ্টার সাম্প্রতিক উদাহরণ। এই অলাভজনক ক্লাবটি এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development, ESD) 65 মিলিয়ন ডলারের ইস্ট সাইড করিডর অর্থনৈতিক উন্নয়ন তহবিল (East Side Corridor Economic Development Fund) থেকে পাওয়া 2 মিলিয়ন ডলার অনুদান সহায়তা কাজে লাগিয়ে অত্যন্ত গুরুত্বপূর্ণ কিছু উন্নয়ন সম্পন্ন করবে। এসব উন্নয়ন বাফেলোর ঐতিহাসিক মিশিগান স্ট্রিট আফ্রিকান আমেরিকান করিডরে পর্যটন ও দর্শনার্থী বৃদ্ধি করবে। এই প্রকল্পের জন্য DASNYও 350,000 ডলার অনুদান প্রদান করেছে।

এই CMC প্রকল্পের মধ্যে 145 ব্রডওয়ে স্ট্রিটে একটি নতুন ভবনের প্রবেশপথের নকশা তৈরি ও নির্মাণ, যেটি ADA-মানদণ্ড পূরণ করবে এবং যেখানে CMC-এর জন্য বর্ধিত সংরক্ষণের স্থান থাকবে; ভবনের আস্তরণ পুনরুদ্ধার এবং ঐতিহাসিক পারফর্ম্যান্সের স্থানটির সংস্কার ও সম্প্রসারণ; অগ্নি নিরাপত্তা ও বিধিমালা সংক্রান্ত বিষয়গুলো হালনাগাদকরণ; এবং সাইটের প্রাসঙ্গিক কাজগুলো সম্পন্ন করা এবং পুনরায় পেভিং এর কাজ করা ও স্ট্রিটস্কেপের উন্নয়ন করা অন্তর্ভুক্ত রয়েছে।

**এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট-এর কমিশনার এবং প্রেসিডেন্ট ও CEO হোপ নাইট বলেন**, "বাফেলো দ্রুত গতিতে একটি শীর্ষস্থানীয় পর্যটন গন্তব্য হিসেবে উদীত হচ্ছে। ওয়াটারফ্রন্টের মতো কিছু লোকেশন যখন সমৃদ্ধ হয়ে উঠছে, তখন আমাদেরকে বাফেলোর আফ্রিকান আমেরিকান কমিউনিটির উল্লেখযোগ্য ঐতিহাসিক সম্পদ এবং সমৃদ্ধি অর্জনের অসাধারণ সম্ভাবনাকে কাজে লাগিয়ে এই কমিউনিটিকেও সামনে এগিয়ে নিতে হবে। আফ্রিকান আমেরিকান হেরিটেজ করিডরের নোঙ্গরস্বরূপ প্রতিষ্ঠানগুলোর সংস্কার এই উদীয়মান এলাকার ইতিহাস, মিউজিক ও সাংস্কৃতিক বৈচিত্র্য উদযাপনের জন্য নতুন দর্শনার্থীদের আকৃষ্ট করতে সহায়ক হবে। পূর্ব বাফেলোকে সহায়তা করতে আরো বেশি কিছু করার জন্য তার অব্যাহত প্রচেষ্টার জন্য আমি গভর্নর হোকলের প্রশংসা করি, যে এলাকাটি বাফেলোর পুনরুজ্জীবিতকরণের সময়ে সিটির বাকি অংশের তুলনায় পিছিয়ে পড়েছে।"

আফ্রিকান আমেরিকান হেরিটেজ করিডরের নোঙ্গরস্বরূপ আরো দুইটি প্রকল্প: মিশিগান স্ট্রিট ব্যাপ্টিস্ট চার্চ (Michigan Street Baptist Church) এবং ন্যাশ হাউজ (Nash House) এর সংস্কারকাজও চলমান রয়েছে।
চার্চ ও ন্যাশ হাউজের ঐতিহ্য সংরক্ষণ ও প্রচারের জন্য কাজ করে যাওয়া দুইটি অলাভজনক সংস্থা, বাফেলো নায়াগ্রা ফ্রিডম স্টেশন কোয়ালিশন (Buffalo Niagara Freedom Station Coalition) এবং ন্যাশ হাউজ মিউজিয়াম (Nash House Museum)-এর সঙ্গে অংশীদার হয়ে নিউ ইয়র্ক স্টেট সংস্কার প্রকল্পগুলোতে সহায়তা করছে।

**নিউ ইয়র্ক স্টেটের পার্ক, বিনোদন ও ঐতিহাসিক সংরক্ষণ দপ্তরের (Office of Parks, Recreation and Historic Preservation) কমিশনার এরিক কুলেসেইড বলেন,** "বাফেলোর আফ্রিকান আমেরিকান হেরিটেজ করিডরে পাওয়া গল্পগুলো ছাড়া নিউ ইয়র্ক স্টেটের পুরো গল্পটি অসম্পূর্ণ থেকে যায়। এসব গুরুত্বপূর্ণ প্রকল্পে তার সহায়তার জন্য নিউ

ইয়র্ক স্টেট পার্কস গভর্নর হোকলের প্রতি কৃতজ্ঞ এবং প্রকল্পগুলোতে অংশীদার হতে পেরে স্টেট পার্কস সম্মানিত বোধ করছে।"

**স্টেট সিনেটর টিম কেনেডি বলেন,** "অশ্বেতাঙ্গ মিউজিশিয়ানদের ক্লাব বহু দশক ধরে বাফেলোর ঐতিহাসিক মিশিগান স্ট্রিট করিডরের নোঙ্গর হিসেবে ভূমিকা রেখে আসছে, এবং প্রায় 3 মিলিয়ন ডলারের এই সম্প্রসারণ শুধু যে কুইন্স সিটিতে নতুন পর্যটন আকৃষ্ট করবে তাই নয়, বরং এটি আরো বড় কিছু করবে: এটি একটি গল্প বলবে। সহিষ্ণুতা, আন্তরিকতা, ও মেধার মাধ্যমে যারা আমাদের সিটিকে গড়ে তুলেছেন, এবং বাফেলোর কৃষ্ণাঙ্গ ইতিহাস লিখতে যারা সাহায্য করেছেন তাদের গল্প। টেরি আলফোর্ড, লিলি ওয়াইলি-আপশো, এবং মিশিগান স্ট্রিট আফ্রিকান আমেরিকান হেরিটেজ করিডরের সত্যিকারের ভিশনকে বাস্তবে রূপ দেওয়ার জন্য নিউ ইয়র্ক স্টেটের করা অনেকগুলো বিনিয়োগের মধ্যে এটিও একটি।"

**অ্যাসেম্বলি সদস্য ক্রিস্টাল ডি. পিপলস-স্টোকস বলেন,** "অশ্বেতাঙ্গ মিউজিশিয়ানদের ক্লাব সম্প্রসারণের কাজ শুরু হওয়ায় তাদেরকে অভিনন্দন। তহবিল উত্তোলন শুরুর জন্য সিড মানি সরবরাহ করতে পেরে আমি গর্বিত। এই প্রকল্প নিয়ে এক দশকেরও বেশি সময় ধরে কাজ চলছে এবং এটি সব দর্শনার্থীর জন্য ক্লাবটি, এটির প্রদর্শনীসমূহ এবং কিংবদন্তী জ্যাজ পারফর্মারদের ইতিহাস দেখার অ্যাক্সেসযোগ্যতা উন্নত করবে। আমি গভর্নর হোকল এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টকে তাদের সহায়তার জন্য ধন্যবাদ জানাই এবং এই প্রকল্প সম্পন্ন করার ব্যাপারে তাদের নিরলস অঙ্গীকারাবদ্ধতার জন্য ক্লাবের নেতৃত্বকে সাধুবাদ জানাই।"

**অশ্বেতাঙ্গ মিউজিশিয়ানদের ক্লাবের সাবেক ডিরেক্টর জর্জ স্কট বলেন,** "অশ্বেতাঙ্গ মিউজিশিয়ানদের ক্লাবের ভবিষ্যতের উপর বিনিয়োগ করায় আমরা গভর্নর ক্যাথি হোকলকে ধন্যবাদ জানাতে চাই। এই সংস্কারকাজ ইস্ট সাইডের মিউজিক, ইতিহাস, খাবার ও অন্যান্য সাংস্কৃতিক আকর্ষণসমূহের অভিজ্ঞতা নেওয়ার জন্য আরো বেশি সংখ্যক দর্শনার্থীকে নিয়ে আসার মাধ্যমে সমগ্র মিশিগান স্ট্রিট করিডরকে উপকৃত করবে। এই উল্লেখযোগ্য বিনিয়োগের মধ্য দিয়ে আমরা এই বিষয়টি সুস্পষ্ট করে দিচ্ছি যে কৃষ্ণাঙ্গ ইতিহাস গুরুত্বপূর্ণ, বাফেলোর ইতিহাস গুরুত্বপূর্ণ, এবং জ্যাজ হচ্ছে সেই গল্প বলার এবং আমাদের লোকজনের জন্য শক্তি ও আশা যোগানোর একটি শক্তিশালী উপায়।"

**বাফেলো নায়াগ্রা ফ্রিডম স্টেশন কোয়ালিশনের সভাপতি লিলি ওয়াইলি-আপশো বলেন,** "এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট, নিউ ইয়র্ক স্টেটের পার্ক, চিত্তবিনোদন, ও ঐতিহাসিক স্থাপনা সংরক্ষণ অধিদপ্তর এবং কমিউনিটি ফাউন্ডেশন ফর গ্রেটার বাফেলো (Community Foundation for Greater Buffalo)-এর সহায়তার জন্য বাফেলো নায়াগ্রা ফ্রিডম স্টেশন কোয়ালিশন অত্যন্ত কৃতজ্ঞ। কমিউনিটি ক্রিয়াকলাপের কারণে, বিশেষ করে বিশপ হেন্ডারসনের তৎপরতার ফলে, BNFSC চার্চটিকে পরবর্তী 200 বছরের জন্য রক্ষা করার দ্বারপ্রান্তে রয়েছে। ব্যক্তিগতভাবে আমি বাফেলো কমিউনিটির এবং এই গুরুত্বপূর্ণ কাজের অংশ হতে পেরে অত্যন্ত গর্বিত।"

**বিশপ হেন্ডারসনের কন্যা, র‍্যাচেল হেন্ডারসন বলেন,** "আমাদের অতীতের জ্ঞানকে সংরক্ষণ করার মাধ্যমে আমরা আমাদের ভবিষ্যতের সত্যিকারের সম্ভাবনাকে আকৃষ্ট করতে

পারি। আমাদের পূর্বপুরুষদের ইতিহাস সম্পর্কে আমরা ক্রমশ যতবেশি জানতে পারছি, আমরা তত বেশি অধিকতর উজ্জ্বল এবং ক্রমবর্ধমান হারে প্রগতিশীল বিশ্ব গড়ে তুলছি। বিশপ উইলিয়াম হেন্ডারসনের কন্যা এবং বাফেলো নায়াগ্রা ফ্রিডম স্টেশন কোয়ালিশনের সহ-সভাপতি হিসেবে, আমি এই নান্দনিক মনুমেন্টের ব্যাপারে তার কাজটি অব্যাহত রয়েছে দেখে অত্যন্ত কৃতজ্ঞ।"

আফ্রিকান আমেরিকান হেরিটেজ করিডরের উন্নয়ন কাজগুলোর মধ্যে রয়েছে:

- 1.3 মিলিয়ন ডলারের মিশিগান স্ট্রিট ব্যাপ্টিস্ট চার্চ প্রকল্প ভবনটির কাঠামোগত অখণ্ডতা নিশ্চিত করতে সাহায্য করবে এবং চার্চে নিরাপত্তা সংক্রান্ত সমস্যাগুলোর সমাধান করবে, এবং একইসাথে প্রতিবন্ধী দর্শনার্থীদের জন্য উন্নত অ্যাক্সেস প্রদান করবে। এই প্রকল্পের মধ্যে ফাউন্ডেশন মেরামত ও ছাদ শক্তিশালীকরণের পাশাপাশি অ্যাক্সেসযোগ্যতা সংস্কার অন্তর্ভুক্ত রয়েছে। মিশিগান স্ট্রিট ব্যাপ্টিস্ট চার্চ 1845 সালে আফ্রিকান আমেরিকানদের দ্বারা নির্মিত হয় এবং গৃহযুদ্ধের আগে কানাডার দিকে পালিয়ে আসা স্বাধীনতাকামীদের জন্য আন্ডারগ্রাউন্ড রেলপথের শেষ স্টপেজ ছিল। 1974 সাল থেকে এটি ঐতিহাসিক স্থানসমূহের জাতীয় রেজিস্টারে তালিকাভুক্ত রয়েছে।
- ন্যাশ হাউজ ESD-এর কাছ থেকে 172,000 ডলার অনুদান পেয়েছে এবং আবহাওয়ার বিরূপ প্রতিক্রিয়া প্রতিরোধের জন্য উন্নয়ন এবং জাদুঘরের প্রদর্শনীর উন্নয়ন কাজ চলমান রয়েছে। ন্যাশ হাউজ 1950 এর দশকে এককালে মিশিগান স্ট্রিট ব্যাপ্টিস্ট চার্চের সিনিয়র প্যাস্টর এবং বাফেলোর বিখ্যাত নাগরিক অধিকার নেতা রেভারেন্ড জে. এডওয়ার্ড ন্যাশের বাড়ি ছিল। বর্তমানে এটি অলাভজনক সংস্থা মিশিগান স্ট্রিট প্রিজারভেশন কর্পোরেশনের (Michigan Street Preservation Corporation) মালিকানায় রয়েছে এবং 2007 সাল থেকে একটি জাদুঘর হিসেবে কার্যক্রম পরিচালনা করছে।
- WUFO রেডিও স্টেশন এন্ড ব্ল্যাক হিস্ট্রি কালেক্টিভ (WUFO Radio Station & Black History Collective) একটি উল্লেখযোগ্য সংস্কার ও সম্প্রসারণ প্রকল্পের জন্য 1 মিলিয়ন ডলার অনুদান পেয়েছে। এই কালেক্টিভ ওয়েস্টার্ন নিউ ইয়র্কে একমাত্র আফ্রিকান আমেরিকান মালিকানাধীন রেডিও স্টেশন এবং মিশিগান স্ট্রিট ব্যাপ্টিস্ট চার্চের ঠিক দক্ষিণে একটি গুরুত্বপূর্ণ জায়গায় অবস্থিত সিটির মালিকানাধীন শতাব্দি-পুরোনো একটি দুই তলা ভবন, 509, মিশিগান স্ট্রিটের দীর্ঘদিনের ভাড়াটিয়া।
- NAACP-এর প্রায় 6 মিলিয়ন ডলারের সরকারি-বেসরকারি ন্যাশ লফট প্রকল্পেও ইস্ট সাইড করিডর অর্থনৈতিক উন্নয়ন তহবিল থেকে ESD আংশিক তহবিল প্রদান করছে। NAACP গত বছর আফ্রিকান আমেরিকান হেরিটেজ করিডরে ফিরে এসেছে, এবং এটির নতুন অবস্থানে নতুন NAACP অফিস, সুলভ মূল্যের অ্যাপার্টমেন্ট, এবং স্ট্রিট লেভেলে অন্য খুচরা দোকানের জায়গা অন্তর্ভুক্ত রয়েছে। ফার্স্ট-ফ্লোরের খুচরা দোকানের জায়গার ভাড়াটিয়ার নাম শীঘ্রই ঘোষণা করা হবে।

- নায়াগ্রা ফ্রন্টিয়ার ট্রান্সপোর্টেশন অথরিটিকে (Niagara Frontier Transportation Authority) বরাদ্দকৃত 366,000 ডলারের একটি অনুদান কাজে লাগিয়ে ফ্রিডম ওয়াল (Freedom Wall) এবং এই ঐতিহাসিক ম্যুরালের আশেপাশের এলাকার উন্নয়ন করা হবে। কংক্রিটের দেয়াল এবং স্ট্রিট কার্বিং এর মধ্যবর্তী অংশ পুনর্নির্মাণের জন্য এবং দেয়ালে ঝুলানো পোর্টেটগুলোর রঙের সঙ্গে মিল রেখে LED বাতি স্থাপনের জন্য এই অনুদান ব্যবহার করা হবে। ফ্রিডম ওয়াল আফ্রিকান আমেরিকানদের ইতিহাস এবং রাজনৈতিক ও সামাজিক সমতার জন্য চলমান কাজকে উদযাপন করে।

যানবাহনের গতি কমিয়ে আনার জন্য এসব প্রকল্পের সবকটি অপেক্ষাকৃত সরু ও ল্যান্ডস্কেপ দিয়ে সাজানো মিশিগান এভিনিউ এর সাথে সংযুক্ত থাকবে, এবং কয়েক ব্লক দীর্ঘ ডিস্ট্রিক্টকে পথচারী-বান্ধব করে তোলার জন্য সড়কে আলোর অবস্থা উন্নত করা হবে।

এসব প্রকল্পের উদ্দেশ্য হচ্ছে উইলিয়াম স্ট্রিট ও ব্রডওয়ের মধ্যবর্তী ঐতিহাসিক সম্পদগুলোকে কেন্দ্র করে একটি সমন্বিত পর্যটন গন্তব্য তৈরি করা। পরিকল্পনা প্রচেষ্টাসমূহের মধ্যে এসব সম্পদের উন্নয়নে সহায়তা করা এবং বিপণনের কৌশল অন্তর্ভুক্ত রয়েছে। ঐতিহাসিক ভবনগুলোর উন্নয়ন, ভবনগুলোর সম্প্রসারণ, ADA ও নিরাপত্তা কমপ্লায়েন্স, স্ট্রিটস্কেপের উন্নয়ন, কমিউনিটি জনসমাগমের স্থান এবং অন্যান্য গুরুত্বপূর্ণ সুযোগ-সুবিধা সংযোজনের মতো মূলধনী বিনিয়োগসমূহ দর্শনার্থীদের অভিজ্ঞতা উন্নত করতে এবং ঐতিহাসিক সম্পদগুলোকে একে অপরের সঙ্গে এবং ডাউনটাউন বাফেলোর সঙ্গে আরো ভালোভাবে সংযুক্ত করবে। এই প্রকল্প পর্যটকদের জন্য একটি একীভূত গন্তব্যস্থল তৈরি করবে যা আফ্রিকান আমেরিকান ইতিহাসে বাফেলোর অবদানের গল্প বলবে এবং একইসাথে এই অঞ্চল থেকে নতুন দর্শনার্থীদের আকৃষ্ট করবে।

**মিশিগান স্ট্রিট আফ্রিকান আমেরিকান হেরিটেজ করিডর কমিশনের (Michigan Street African American Heritage Corridor Commission) এক্সিকিউটিভ ডিরেক্টর টেরি আলফোর্ড বলেন,** "আমাদের হেরিটেজ করিডর কমিশন গঠনকারী বোর্ডের সদস্যদের পক্ষ থেকে, এবং সেইসাথে করিডরের প্রতি সবসময় সমর্থন ব্যক্ত করে আসা কমিউনিটি স্টেকহোল্ডার ও অধিবাসীদের পক্ষ থেকে, আমি আমাদের গভর্নরকে এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টকে করিডরটির প্রগতিশীল উন্নয়নে ক্ষেত্রে এটির অব্যাহত বিনিয়োগের জন্য ধন্যবাদ জানাতে চাই। আমাদের অধিক প্রসিদ্ধ সাংস্কৃতিক নোঙ্গরগুলোর মধ্যে দুইটির স্থিতিশীলতা ও সম্প্রসারণে সহায়তা করতে তাদের অঙ্গীকারাবদ্ধতার কারণে তারা ভবিষ্যত প্রজন্মগুলোর জন্য এসব আইকনিক অট্টালিকার স্থিতিশীলতা বজায় রাখতে সাহায্য করেছেন, যা শুধু এই করিডরটিকেই নয়, বরং আমাদের সিটিকেও একটি উদ্দীপনাপূর্ণ ও প্রাণবন্ত হেরিটেজ গন্তব্যস্থল হিসেবে সমৃদ্ধ করে তুলবে।"

**এরি কাউন্টির ডেপুটি এক্সিকিউটিভ মারিয়া আর. হুইট বলেন,** "অশ্বেতাঙ্গ মিউজিশিয়ানদের ক্লাব আমাদের কমিউনিটির এবং আমাদের ঐতিহ্যের একটি ঐতিহাসিক ও অপ্রতিস্থাপনযোগ্য অংশ এবং গভর্নর হোকলের এই বিনিয়োগ এটিকে সুদূর ভবিষ্যতের জন্য উন্নত করবে ও সংরক্ষণ করবে। এই আইকনিক আকর্ষণটির উন্নয়নে সহায়তা করতে ক্লাবটির

মূলধনী উন্নয়নের জন্য 925,000 ডলার বরাদ্দ করার মাধ্যমে এরি কাউন্টি এই প্রচেষ্টায় যোগদান করছে। CMC-এর মতো সম্পদগুলোর সংস্কার ও পুনরুদ্ধার আমাদের অতীতকে সংরক্ষণের জন্য আমাদের অঙ্গীকারাবদ্ধতাকে পুনরায় নিশ্চিত করছে এবং ঐতিহাসিক মিশিগান স্ট্রিট আফ্রিকান আমেরিকান করিডর সম্পর্কে আরো জানার জন্য আরো বেশি দর্শনার্থীদের এখানে নিয়ে আসছে।"

**বাফেলোর মেয়র বাইরন ডব্লিউ. ব্রাউন বলেন,** "বাফেলোর আফ্রিকান আমেরিকান ইতিহাসে মিউজিকের একটি গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে এবং আমাদের সিটির অন্যতম সর্বাধিক গুরুত্বপূর্ণ গন্তব্যস্থল হিসেবে, অশ্বেতাঙ্গ মিউজিশিয়ানদের ক্লাবের ঠিকানায় সাহসিকতার সঙ্গে সেই বিষয়টি প্রতিফলিত হওয়া উচিত। আমাদের কৃষ্ণাঙ্গ ইতিহাস, মিউজিক, ও সংস্কৃতি উপভোগ করার জন্য বাফেলোর আফ্রিকান আমেরিকান হেরিটেজ করিডরে আরো বেশি দর্শনার্থীদের নিয়ে আসবে এমন সম্প্রসারণ ও সংস্কার প্রকল্পে সহায়তার জন্য আমি গভর্নর হোকল এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টকে ধন্যবাদ জানাই। 2.95 মিলিয়ন ডলারের এই সম্প্রসারণ এই পূর্ব বাফেলো এলাকায় সিটির উল্লেখযোগ্য বিনিয়োগের পরিপূরক হিসেবে কাজ করবে এবং আগামী বহু প্রজন্মব্যাপী আমাদের কমিউনিটিকে উপকৃত করবে।"

**বাফেলো কাউন্সিলের প্রেসিডেন্ট ডারিয়াস প্রিডজেন বলেন,** "মিশিগান স্ট্রিট ব্যাপ্টিস্ট চার্চের ছাদ ও ফাউন্ডেশনের স্থিতিশীলতা বৃদ্ধির কাজ শুরু হচ্ছে জেনে আমি উচ্ছসিত। এলিকট ডিস্ট্রিক্টের কাউন্সিল সদস্য হিসেবে, আমি আফ্রিকান আমেরিকান হেরিটেজ করিডরে যেকোনো বিনিয়োগের পক্ষে সমর্থন দিয়ে গেছি কারণ এটি বাফেলো ও ওয়েস্টার্ন নিউ ইয়র্কে আমাদের ইতিহাসকে সংরক্ষণ করছে। করিডরটিকে ওয়েস্টার্ন নিউ ইয়র্কের একটি ভ্রমণ গন্তব্যে পরিণত করার জন্য এটি আরেকটি পদক্ষেপ। আমি গভর্নর হোকলকে তার নেতৃত্বের জন্য এবং সরকারের বিভিন্ন পর্যায়ে আমার সহকর্মীদেরকে তাদের অব্যাহত সহায়তার জন্য ধন্যবাদ জানাই।"

মিশিগান স্ট্রিট আফ্রিকান আমেরিকান হেরিটেজ করিডর সম্পর্কে আরো তথ্য জানুন এখানে।

###